

জাবি সিনেট থেকে বের করে দেওয়া হলো আওয়ামীপত্রি শিক্ষকদের

নিজস্ব প্রতিবেদক, সাভার
২৯ জুন ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক **আমাদের সময়**



শিক্ষার্থীদের বিক্ষেপ আর তোপের মুখে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সিনেট অধিবেশন থেকে বের করে দেওয়া হয়েছে তিন শিক্ষক প্রতিনিধিকে। বের করে দেওয়া শিক্ষকদের আওয়ামীপত্রি উল্লেখ করে এ সময় তাদের বিরুদ্ধে ফ্যাসিস্ট সরকারের দোসর এবং ভুয়া ভুয়া বলে স্লোগান দেন শিক্ষার্থীরা। বিশ্ববিদ্যালয়ের সিনেট হলো সর্বোচ্চ নীতিনির্ধারণী ফোরাম। গতকাল শনিবার ২০২৫-২৬ অর্থবছরের জন্য বাজেট পাস করতেই আহ্বান করা হয়েছিল ৪২তম বার্ষিক সিনেট অধিবেশন।

প্রত্যক্ষদর্শীরা জানান, বিকাল তিনটা থেকে শিক্ষার্থীরা সিনেট ভবনের সামনে একত্রিত হতে শুরু করেন?। পাশাপাশি ছাত্রদলের নেতাকর্মীরাও অংশ নেন। এ সময় আওয়ামীপত্রি শিক্ষকদের অধিবেশন কক্ষ থেকে বের করে দিতে বিভিন্ন স্লোগান দেন তারা।

তাদের বিক্ষেপের মুখে এক পর্যায়ে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যাড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. যুগল কৃষ্ণ দাস, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের অধ্যাপক ড. শফিক-উর-রহমান এবং ব্যবসায় প্রশাসন ফ্যাকাল্টির ডিন ও মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. নিগার সুলতানাকে বের করে দেওয়া হয়। পরে শিক্ষার্থীদের তোপের মুখে থাকা সিনেট সদস্যদের নিরাপদে বাইরে নিয়ে যান বিশ্ববিদ্যালয়ের প্রট্রে অধ্যাপক ড. একেএম রাশিদুল আলম।

শিক্ষার্থীদের তোপের মুখে সিনেট কক্ষ থেকে অপসারিত এক সদস্য জানান, অধিবেশন কক্ষে একাধিক সিনেট সদস্য তাকে বলেন, শিক্ষার্থীরা বিক্ষুল্প হয়ে উঠেছে। বাইরে ফ্যাসিস্ট আওয়ামী লীগের দোসরসহ ভূয়া ভূয়া স্লোগান দিচ্ছে।

এমন পরিস্থিতিতে তারা নিজেরাই অধিবেশন কক্ষে অস্বস্তির মধ্যে পড়েন। এক পর্যায়ে প্রট্রে এসে তাদের বের করে নিয়ে যান।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে এখন পর্যন্ত কোনো মন্তব্য করা হয়নি।

এ বিষয়ে ছাত্রদল নেতারা জানান, বর্তমান প্রশাসন আওয়ামীপত্রি সিনেট সদস্যদের আমন্ত্রণ করেছে। এই বিশ্ববিদ্যালয়ে ফ্যাসিস্ট দলের কেউ থাকবে না। আগামীতে সিনেট অধিবেশনে ফ্যাসিস্ট অনুসারীদের কাউকে ডাকা হলে বিশ্ববিদ্যালয় প্রশাসনের বিরুদ্ধে আন্দোলন গড়ে তোলার ঘোষণা দেন তারা।